যুগান্তর

20 MAR 2017
২৬ ৫

স্টুডেন্ট কেবিনেট নির্বাচন ৩০ মার্চ

# ২২ হাজার 'প্রধানমন্ত্রী' নির্বাচন করবে ৮০ লাখ শিক্ষার্থী

**যুগান্তর রিপোর্ট**

তৃতীয়বারের মতো দেশের ২২ হাজার স্কুল ও মাদ্রাসায় 'স্টুডেন্ট কেবিনেট' নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ৩০ মার্চ এ নির্বাচন হবে। ডাকসুর আদলে মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র নেতৃত্ব গড়ে তুলতে শিক্ষা মন্ত্রণালয় ২০১৫ সাল থেকে এ উদ্যোগ বাস্তবায়ন করছে। এবারের নির্বাচনে প্রায় ৮০ লাখ শিক্ষার্থী ভোটার। নির্বাচন সামনে রেখে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে প্রার্থীরা ইতিমধ্যে প্রচারণা চালাচ্ছে। ঝোলানো হয়েছে হাতে লেখা পোস্টার। তবে এসব কার্যক্রম স্কুল-মাদ্রাসার গণ্ডির মধ্যেই সীমিত।

ঢাকা অঞ্চলের নির্বাচন সামনে রেখে রোববার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) এবং ব্যানবেইস কর্মশালার আয়োজন করে। ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান শিক্ষক, স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসাররা অংশ নেন। এতে সভাপতিত্ব করেন মাউশির ঢাকা অঞ্চলের পরিচালক অধ্যাপক মোহাম্মদ ইউসুফ। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব এফএম এনামুল হক, মাউশি মহাপরিচালক অধ্যাপক এসএম ওয়াহিদুজ্জামান, মাদ্রাসা শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মো. বিল্লাল হোসেন, ব্যানবেইস পরিচালক মো.. ফসিউল্লাহ প্রমুখ বক্তৃতা করেন।

কর্মশালায় সচিব মো. সোহরাব হোসাইন বলেন, 'শিশুকাল থেকেই গণতন্ত্রের চর্চা, মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল এবং অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন শেখাতে এ স্টুডেন্ট কেবিনেট নির্বাচন। নির্বাচিত প্রতিনিধিরা তাদের দায়িত্বের পাশাপাশি শিক্ষকদের নানা কাজেও সহায়তা করবে।' এ নির্বাচনে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আটজন করে প্রতিনিধি নির্বাচন করা হবে। যাদের মধ্য থেকে একজন প্রধান প্রতিনিধি হিসেবে নির্বাচিত হবেন। পরিবেশ সংরক্ষণ (বিদ্যালয়, আঙিনা ও টয়লেট পরিষ্কার এবং বর্জ্য ব্যবস্থাপনা); পুস্তক ও শিখন সামগ্রী, স্বাস্থ্য, ক্রীড়া ও সংস্কৃতি এবং সহপাঠ কার্যক্রম; পানি সম্পদ; বৃক্ষ রোপণ ও বাগান তৈরি; দিবস ও অনুষ্ঠান উদযাপন এবং অভ্যর্থনা ও আপ্যায়ন; আইসিটিসহ আটটি কার্যক্রম প্রতিনিধিদের দেখভালের দায়িত্ব দেয়া হয়।